মকর

উগালে জাবড়ে মাটি শাওনে ভাসান
বাঁকাস্রোতে জল যায় মোয়ানের টান
আলে নাই ভালে নাই পঁছি আড়ে মেঘ
আমানিতে পেট ভারি নাগরে আবেগ
থোড়ে মেশে পলকের সুখি কার মুখ
আলসে বিলাসে তাই নিড়ানের সুখ
তিন মাপ তিন সলি বিঘায় ফলন
গেল সনে তড়পায় গুলুনের মন
গায়ে পালা আমনের আগড়ার কাঁড়ি
ছাবা আর মালসায় নাড়ি আর চাড়ি
আঘনের দেনি চাপে শ্যাওড়ার ডালে
সুই এর পোকা তবে বাঁকড়ির চালে
শিশির শিশিরে ভেজা পালুই-এর শিষ
মাক্‌ড়ি মকর বিটি আবার আহিস্।

অমিত রায়

সৃষ্টিসন্ধান